রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, এপ্রিল ৬, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/০৪ এপ্রিল ২০১০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১০১-আইন/২০১০/২২৮০/কাস্টমস ও মূসক।**—সরকার,—

(ক) Customs Act, 1969 (Act. IV of 1969) এর—

(অ) section 18(2), section 18(4) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে,

(আ) section 19(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে ও জনস্বার্থে,

(খ) Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44(4)(b), section 53(3) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, এবং

(গ) মূল্য সংযোজন করা আইন, ১৯৯১ এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে,

রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (EPZ) অভ্যন্তরে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহকে উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক আমদানিকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস এর উপর আরোপনীয় সমুদয় কাস্টমস ডিউটি, রেগুলেটরী ডিউটি, যদি থাকে, মূল্য সংযোজন কর, বা,

ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

**শর্তসমূহ**

(১) যে সকল শিল্প প্রতিষ্ঠানকে বেপজা কর্তৃক ২২ মার্চ, ২০০৯ তারিখ পর্যন্ত শিল্প স্থাপনের অনুমতি প্রদান করা হইয়াছে শুধুমাত্র সেই সকল শিল্প প্রতিষ্ঠান এই সুবিধা প্রাপ্য হইবে এবং উক্ত তারিখের পর বেপজা কর্তৃক শিল্প স্থাপনের অনুমতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই সুবিধা প্রযোজ্য হইবে না।

(২) আমদানিকারক প্রতিষ্ঠানটি—

(ক) শতকরা একশত ভাগ বিদেশী পুঁজি বিনিয়োগে প্রতিষ্ঠিত হইতে হইবে; অথবা

(খ) যৌথ উদ্যোগে স্থাপিত হওয়ার ক্ষেত্রে,—

(অ) বিদেশী পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক; অথবা

(আ) বিদেশী পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক না হইলে উক্ত প্রতিষ্ঠানটিতে অন্যূন পাঁচশত (৫০০) জন বাংলাদেশী নাগরিকের কর্মসংস্থান করা হইয়াছে বা হইবে এই মর্মে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA) এর নিকট হইতে গৃহীত একটি প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আমদানিকারক শিল্প প্রতিষ্ঠান পিকআপ, জীপ, মাইক্রোবাস এবং ২০০০ সি সি পর্যন্ত গাড়ী (কার) এই চার ধরনের যানবাহনের মধ্যে ২ (দুই) টি যানবাহন আমদানি করিতে পারিবে;

তবে শর্ত থাকে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কাস্টমস ডিউটি, অন্যান্য শুল্ক কর অব্যাহতির আওতায় উক্তরূপ দুইটি যানবাহন ছাড়াও উপরি-বর্ণিত চার ধরনের যানবাহনের অতিরিক্ত আরও ১ (এক) টি যানবাহন আমদানি করিতে পারিবে, যদি BEPZA এই মর্মে প্রত্যয়ন করে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠানটিতে—

(ক) কমপক্ষে দশলক্ষ (১০,০০,০০০) মার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করা হইয়াছে, এবং

(খ) কমপক্ষে পাঁচশত (৫০০) বাংলাদেশী নাগরিক কাজে নিয়োজিত রহিয়াছে।

(৪) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ ও মাইক্রোবাসের শুল্ক নিরূপন ও শুল্ক খালাসের সময় BEPZA এর অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৫) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত ও খালাসকৃত সকল গাড়ী (কার), পিকআপ, জীপ ও মাইক্রোবাসের পূর্ণ বিবরণ ও হিসাব BEPZA কর্তৃক সংরক্ষিত হইবে।

(৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস—

(ক) খালাসের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের মধ্যে বিক্রয়ের মাধ্যমে বা অন্য কোনভাবে মালিকানা হস্তান্তর করা যাইবে না; এবং

(খ) খালাসের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর পর হস্তান্তর করিতে চাহিলে আয়কর বিভাগের প্রচলিত বিধি অনুযায়ী অবচয়িত মূল্যের উপর প্রযোজ্য হারে কাস্টমস ডিউটি, মূল্য সংযোজন করসহ অন্যান্য সকল প্রকার শুল্ক-করাদি, সংশ্লিষ্ট EPZ যে শুল্ক কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত সে শুল্ক কর্তৃপক্ষের নিকট পরিশোধপূর্বক হস্তান্তরের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাসের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে "বেপজা" শব্দটি লিখিত হইবে।

(৮) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত গাড়ী (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস আমদানিকারক শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাসিরউদ্দীন আহমেদ**

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd